



বাংলাদেশ কৃষি ব্যাংক  
প্রধান কার্যালয়  
কৃষি ব্যাংক ভবন  
৮৩-৮৫ মতিঝিল বাণিজ্যিক এলাকা  
ঢাকা-১০০০

ফোনঃ ৯৫৭৪০২৫

শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ

নং-বিকেবি/প্রকা/শানিবিআইবি-১(৩৯)অংশ-১/২০১৮-১৯/১৪৪১

তারিখঃ ১৯/০৩/২০১৯

সকল মুখ্য আঞ্চলিক ও আঞ্চলিক ব্যবস্থাপক  
বাংলাদেশ কৃষি ব্যাংক।

**বিষয়ঃ** বাংলাদেশ কৃষি ব্যাংকের বিভিন্ন শাখার তালিকাভুক্ত সামরিক বাহিনীর পেনশনারদের তথ্য এবং তাদের পিপিও ও অন-লাইনে বেতন নির্ধারণী সীট সরাসরি বিকেবি, এলপিওতে প্রেরণ প্রসংগে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে অত্র বিভাগ থেকে জারীকৃত পত্র নং-প্রকা/শানিবিআইবি-১(৩৯)অংশ-১/২০১৮-২০১৯/১৪১১ তারিখ ১৪/০৩/২০১৯ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। উক্ত পত্রের মাধ্যমে সামরিক পেনশন প্রদানের লক্ষ্যে ডাটাবেজ তৈরীর প্রয়োজনে সামরিক অর্থ নিয়ন্ত্রকের কার্যালয়সমূহে পেনশনারদের তথ্য প্রেরণের জন্য সামরিক পেনশন প্রদানকারী শাখাসমূহ হতে পেনশনারদের সকল তথ্যাদি সংগ্রহপূর্বক বিকেবি, স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকায় সরাসরি প্রেরণের অনুরোধ জানানো হয়। উল্লেখ্য, তথ্য সরবরাহের জন্য পত্রে বর্ণিত ৬(ছয়) কলাম বিশিষ্ট ছক এর পরিবর্তে নিম্নবর্ণিত ৭(সাত) কলাম বিশিষ্ট সংশোধিত ছকে তথ্যাদি প্রেরণের জন্য অনুরোধ করা হলো। তাছাড়া উক্ত পত্রে বর্ণিত অন্যান্য বিষয়াবলী অপরিবর্তিত থাকবে।

ক্রঃ নং	পেনশনারের নাম (পেনশনারের পরিবর্তে অন্য কেউ পেনশন গ্রহণ করলে উভয়ের নাম)	পদবী (পিপিও অনুযায়ী)	সৈনিক/ব্যক্তিগত নম্বর (পিপিও অনুযায়ী)	পেনশন সনাক্তকরণ নম্বর	টি.এস নম্বর (পিপিও অনুযায়ী)	সময়ী হিসাব নম্বর (শাখার কোড নং সহ)
১	২	৩	৪	৫	৬	৭

০৩। বিষয়টি অতীব জরুরী ও গুরুত্বপূর্ণ।

আপনার বিশ্বস্ত,

(মোহাম্মদ মনিরুল ইসলাম)

উপ-মহাব্যবস্থাপক

সদয় জ্ঞাতার্থে অনুলিপিঃ

- ০১। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক (পরিকল্পনা ও পরিচালন) মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
- ০৩। উপ-মহাব্যবস্থাপক, সকল কর্পোরেট শাখা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৪। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা। তাঁকে পত্রখানা ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ০৫। সকল শাখা ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক।